

নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ:

১. ভাববাচ্যের কর্তায় কোন বিভক্তি হয়?
২. কর্তৃবাচ্যের কর্মে কোন বিভক্তি হয়?
৩. কর্মবাচ্যের কর্মে কোন বিভক্তি হয়?
৪. 'দোষী ছাত্রটিকে জরিমানা করা হয়েছে'- এখান ছাত্রটি কোন কারকে কোন বিভক্তি?
৫. কর্তৃবাচ্যের ক্রিয়া কি হলে কর্মবাচ্য হয়না?
৬. ভাববাচ্যের বাক্যকে কর্তৃবাচ্যে রূপান্তরিত করলে কর্তায় কোন বিভক্তি হয়?
৭. 'করিম পুস্তক পাঠ করছে'- বাক্যটিকে কর্মবাচ্যে পরিণত করলে কি হবে?
৮. 'তুমি কখন এলে' - বাক্যটিকে ভাববাচ্যে পরিণত করলে কোনটি হবে?
৯. কর্তৃবাচ্য থেকে কর্মবাচ্যে রূপান্তর কর:
 - ক) আলেকজান্ডার পারস্যদেশ জয় করেন।
 - খ) মহাকবি ফেরদৌসী শাহনামা মহাকাব্য রচনা করেছেন।
 - গ) শিকারি বাঘ মেরেছে।
 - ঘ) আমি বইটি পড়েছি।
১০. কর্মবাচ্য থেকে কর্তৃবাচ্যে রূপান্তর কর:
 - ক) কাফেলা দস্যুদল দ্বারা আক্রান্ত হল।
 - খ) স্থপতি ঈশা রুমির তত্ত্বাবধানে তাজমহল নির্মিত হয়েছে
 - গ) বেদব্যাস কর্তৃক মহাভারত রচিত হয়েছিল।
 - ঘ) পিতা কর্তৃক পুত্র বিতাড়িত হয়েছে।
১১. কর্তৃবাচ্যের বাক্য ভাববাচ্যে এবং ভাববাচ্যের বাক্যকে কর্তৃবাচ্যে পরিবর্তন করো:
 - ক) আমি একাই যাবো।
 - খ) এবার একখানা গান হোক।
 - গ) আজ আর তোমার খাওয়া হবে না।
১২. বাচ্যের ব্যবহারে ভুল থাকলে শুদ্ধ করে লিখ:
 - ক) পিতা কর্তৃক আমি একটি কলম দান করা হইয়া হইয়াছি।
 - খ) আজি নিঝুম রাতে কে বাঁশি বাজে।
 - গ) তোমার যাওয়া হউক আমি যাওয়া হবেনা।
 - ঘ) ছাত্রগণ তোমাদিগ কর্তৃক ব্যাকরণের পাঠ শুনা হউক।
 - ঙ) শাসন করা তাকেই সাজ সোহাগ করে যে।